**AKASHVANI(AIR)**

**RNU:KOLKATA**

**BengaliText Bulletin**

**Date 03-02-2026 Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে বাণিজ্য চুক্তির ফলে ভারতীয় পণ্যের ওপর মার্কিন শুল্কের হার কমে ১৮ শতাংশ হবে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানিয়েছেন।

মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প দু-দেশের মধ্যে সম্পর্ক আরও শক্তিশালী হবে বলে প্রত্যয় ব্যক্ত করেছেন।

২) ভারত-মার্কিন চুক্তির ফলে আজ শেয়ার বাজারে সেনসেক্স ও নিফটি সূচক ২ দশমিক ৮ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

৩) জাতীয় গণতান্ত্রিক জোট, NDA ভারত – মার্কিন ঐতিহাসিক বাণিজ্য চুক্তির জন্য প্রধানমন্ত্রীকে সম্বর্ধনা জানিয়েছে।

৪) বিরোধীদের হৈ-হট্টগোলের জেরে আজ লোকসভার অধিবেশন দুপুর ২-টো পর্যন্ত মুলতুবি হয়ে গেছে।

৫) কয়লা পাচার কান্ডে আজ পশ্চিমবঙ্গের একাধিক জায়গায় ইডি-র তল্লাশি অভিযান চলছে।

৬) জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির কোয়ার্টার ফাইনালে বাংলা আজ সার্ভিসেসের মুখোমুখি হবে।

OOOOOOOOOOOOOOOOOOOOO

ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে বাণিজ্য চুক্তির রূপরেখা চূড়ান্ত হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতরাতে মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে টেলিফোনে বার্তালাপের পর একথা জানান। সামাজিক মাধ্যমের এক বার্তায় শ্রী মোদী জানান, ভারতে তৈরি পণ্য সামগ্রীর ওপর এবার  শুল্কের হার ২৫ শতাংশ থেকে কমিয়ে ১৮ শতাংশ করা হবে।

মার্কিন রাষ্ট্রপতির এই সিদ্ধান্তের জন্য ১৪০ কোটি ভারতবাসীর পক্ষ থেকে তাঁকে আন্তরিক কৃতজ্ঞতাও জানান প্রধানমন্ত্রী।

রাষ্ট্রপতি ট্রাম্পের নেতৃত্বকে গোটা বিশ্বের শান্তি, স্থিতিশীলতা ও সমৃদ্ধির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন।

দ্বিপাক্ষিক অংশীদারিত্বকে নজিরবিহীন এক উচ্চতায় পৌঁছে দিতে রাষ্ট্রপতি ট্রাম্পের সঙ্গে একযোগে কাজ করার জন্য তিনি অধীর আগ্রহে অপেক্ষা করছেন বলেও প্রধানমন্ত্রী দ্ব্যর্থহীন ভাষায় জানান।

oooooooooooooooooooo

ঐতিহাসিক ভারত-মার্কিন বাণিজ্য চুক্তি ঘোষণার ফলে আজ সেনসেক্স এবং নিফটি দুই দশমিক আট শতাংশ বৃদ্ধি পেয়েছে। সেনসেক্স ২ হাজার ২ শো ৮৯ পয়েন্ট বেড়ে ৮৩ হাজার ৯ শো ৫৬ পয়েন্টে পৌঁছেছে। অন্যদিকে, নিফটি ৭ শো পয়েন্ট বেড়ে ২৫ হাজার ৭ শো ৮৯-তে পৌঁছেছে। সমস্ত খাতের মধ্যে গৃহনির্মাণ, পরিষেবা, বিদ্যুৎ এবং মূলধনী পণ্য খাতে উল্লেখযোগ্য বৃদ্ধি লক্ষ্য করা গেছে।

oooooooooooooooooooo

জাতীয় গণতান্ত্রিক জোট, এনডিএ-র পক্ষ থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে ভারত মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে ঐতিহাসিক বাণিজ্য চুক্তির জন্য, সংবর্ধনা জানানো হয়েছে। সংসদ ভবনে আজ এনডিএ সংসদীয় দলের বৈঠকে প্রধানমন্ত্রীকে সংবর্ধনা জানানো হয়। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত

শাহ, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, এবং কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী যে পি নাড্ডা, রেল ও তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ, বন ও পরিবেশ মন্ত্রী ভুপিন্দর যাদবেই বৈঠকে উপস্থিত ছিলেন। বিজেপির জাতীয় সভাপতি নিতিন নবীনকেও এই বৈঠকে আনুষ্ঠানিকভাবে স্বাগত জানানো হয়। বৈঠকে লোক জনশক্তি পার্টির সাংসদ চিরাগ পাসওয়ান, এআইএডিএমকে সাংসদ এম থামবিদুরাই, এনসিপি সাংসদ প্রফুল প্যাটেল, আপনা দল এসের সাংসদ অনুপ্রিয়া প্যাটেল সহ অন্যান্যরা এই বৈঠকে উপস্থিত ছিলেন।

oooooooooooooooooooo

বিরোধীদের হৈ-হট্টগোলের জেরে আজ লোকসভা প্রথমে ১২-টা এবং পরে দুপুর ২-টো পর্যন্ত মুলতুবি হয়ে যায়। দিনের শুরুতে অধিবেশন বসার পরই বিরোধীরা বিভিন্ন ইস্যুতে হৈ-হট্টগোল শুরু করেন।

লোকসভার অধিবেশন শুরু হলে প্রয়াত সাংসদ স্বরূপ সিং হিরিয়া নায়েকের সম্মানে নীরবতা পালন করা হয়। এরপরই প্রশ্নকাল শেষ হওয়ার আগেই বিরোধীদের হৈ-হট্টগোল শুরু হয়। অধ্যক্ষ ওম বিড়লা তাদের শান্ত হওয়ার আবেদন জানানো সত্ত্বেও কোন কাজ হয়নি। তিনি বিরোধীদের এই ব্যবহারে উদ্বেগ প্রকাশ করেন এবং অধিবেশন মুলতুবি করে দেন।

এদিকে,রাজ্যসভায় কংগ্রেস, মার্কিন যুক্তরাষ্ট্র এবং ইউরোপীয় ইউনিয়নের সঙ্গে বাণিজ্য চুক্তি নিয়ে আলোচনা দাবি করলে চেয়ারম্যান সি পি রাধাকৃষ্ণাণ জানান, বিষয়টি নিয়ে পরে আলোচনা করা হবে। রাষ্ট্রপতির অভিভাষণের ওপর ধন্যবাদসূচক প্রস্তাব নিয়ে সংসদের উভয় সভাতেই আজও আলোচনা চলবে। লোকসভায় এজন্য ১৮ ঘণ্টা সময় ধার্য করা হয়েছে। রাজ্যসভাতেও ১৬ ঘণ্টা ধরে এবিষয়ে আলোচনা চলবে।

oooooooooooooooooooo

কেন্দ্রীয় সংসদীয় বিষয়ক মন্ত্রী কিরেণ রিজিজু রাষ্ট্রপতির অভিভাষণের ওপর ধন্যবাদ সূচক প্রস্তাব নিয়ে আলোচনার সময় সংসদের কাজকর্মে বিঘ্ন ঘটানোর জন্য বিরোধী দলনেতা রাহুল গান্ধীর সমালোচনা করেছেন। আজ এন ডি এ সংসদীয় দলের বৈঠক শেষে তিনি সাংবাদিকদের সঙ্গে কথা প্রসঙ্গে শ্রী গান্ধীর কাজে উদ্বেগ প্রকাশ করেন। তাঁর অভিযোগ রাহুল গান্ধী অনর্থক সময় নষ্ট করে অন্য সদস্যদের আলোচনায় অংশ নেওয়ার ক্ষেত্রে বিঘ্ন ঘটাচ্ছেন।

**(Byte - Kiren Rijiju)**

*OOOOOOOOOOOOOOOOOOOO*

শবরীমালা মন্দিরে সোনা সংক্রান্ত মামলা নিয়ে আজ কেরালা বিধানসভার অধিবেশন উত্তাল হয়ে ওঠে। তিরুবনন্তপুরমে বিধানসভার অধিবেশনে বিরোধীরা বারবার প্রতিবাদ জানাতে থাকলে কাজকর্ম বিঘ্নিত হয়। বেশ কয়েকজন বিরোধী বিধায়ক অধ্যক্ষের ডায়াসের সামনে বিক্ষোভ দেখালে তাদের বের করে দেওয়া হয়। এদিকে, দুই বিরোধী বিধায়ক রাজ্যের দেবাস্বম মন্ত্রী এম বি রাজেশের পদত্যাগ দাবি করে ধর্নায় বসেছেন। বিরোধী দলনেতা ভি ডি স্বাথিস্বান অভিযোগ করেছেন, এই মামলার তদন্তে গাফিলতির জন্য অভিযুক্তরা জামিন পেয়ে যাচ্ছে। অন্যদিকে, তাঁর বিরুদ্ধে আনা অভিযোগের জবাব দিয়ে মন্ত্রী রাজেশ এই অভিযোগ অস্বীকার করে বলেছেন, হাই কোর্টের তত্বাবধানে এই মামলার তদন্ত করা হচ্ছে।

*OOOOOOOOOOOOOOOOOOOOO*

কয়লা পাচার কাণ্ডে ইডি আজ পশ্চিমবঙ্গের একাধিক জায়গায় তল্লাশি অভিযান চলছে। পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে প্রবীর দত্ত নামে এক কয়লা ও বালি ব্যবসায়ীর বাড়িতে তল্লাশি শুরু হয় আজ ভোরে। কেন্দ্রীয় তদন্তকারী দল তল্লাশি চালাচ্ছে।

একই সঙ্গে বুদবুদ থানার ওসি মনোরঞ্জন মন্ডলের বাড়িতেও ইডির তল্লাশি চলছে। কয়লা পাচারের অর্থ লেনদেনে জড়িত থাকার অভিযোগে ২০২৪ সালে বারাবনী থানার ওসির পদ থেকে মনোরঞ্জনকে সাসপেন্ড করা হয়েছিল।

পাশাপাশি জামুরিয়ার হার্ডওয়্যার ব্যবসায়ী অমিত বনসালের বাড়িতে ইডির তল্লাশি অভিযানে প্রচুর হিসাব বহির্ভূত অর্থ উদ্ধার হয়েছে বলে জানা গেছে।

এছাড়াও, পান্ডবেশ্বর, অন্ডাল সহ অন্যান্য বেশ কয়েকটি জায়গায় চলছে অভিযান। এছাড়া কয়লা কান্ডে কোটি কোটি টাকা লেনদেনের সঙ্গে জড়িত কিরন খান, শেখ আফতাব, চিন্ময়ী মন্ডলের মতো বেশ কয়েকজনের বাড়িতেও তল্লাশী চালানো হচ্ছে।

OOOOOOOOOOOOOOOOOOO

কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব আজ মহারাষ্ট্রের পালঘরে মুম্বাই-আহমেদাবাদ হাই-স্পিড রেল প্রকল্পের দ্বিতীয় পার্বত্য সুড়ঙ্গের সফল খনন সম্পন্ন হওয়ার কথা ঘোষণা করেছেন। এই উপলক্ষে শ্রী বৈষ্ণব দ্রুত কাজ সম্পন্ন করার জন্য কর্মচারীদের প্রশংসা করেন। তিনি বলেন সারা বিশ্ব ভারতের প্রথম হাই-স্পিড রেল প্রকল্পটি প্রত্যক্ষ করছে। উল্লেখ্য, প্রথম সুড়ঙ্গের খনন কার্য চলতি বছরের ২রা জানুয়ারি সম্পন্ন হয়েছিল। মন্ত্রী আরও জানান এই প্রকল্পে ৩ শো ৩৪ কিলোমিটার ভায়াডাক্ট এবং ৪ শো ১৭ কিলোমিটারের পিলার নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে।

OOOOOOOOOOOOOOOOOOO

উত্তরাখণ্ডে দেরাদুনের কালসি এলাকায় একটি বাস গভীর খাদে পড়ে গেলে ৪ জনের মৃত্যু হয়েছে। আহত ১২ জন। আহতদের সকলকে বিকাশ নগর হাসপাতালে ভর্তি করা হয়েছে। উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামী এই ঘটনায় শোক প্রকাশ করেছেন। বাসটিতে প্রায় ৩০ জন যাত্রী ছিলেন বলে প্রশাসন সূত্রে খবর। জেলা প্রশাসন ও পুলিশ ঘটনাস্থলে পৌঁছে উদ্ধার কাজ আরম্ভ করেছে।

OOOOOOOOOOOOOOOOOOOOO

বৈষ্ণোদেবী দর্শনে এসে আটকে পড়া যাত্রীদের সুবিধার্থে বিশেষ সংরক্ষিত ট্রেন চালানোর কথা জানিয়েছে ভারতীয় রেল মন্ত্রক। বৈষ্ণোদেবী কাটরা এবং শ্রীনগরের মধ্যে প্রতিকূল আবহাওয়াতে বন্ধ হয়ে পড়েছে রাস্তা ও বিমান চলাচল। এরকম অবস্থায় ক্ষতিগ্রস্ত যাত্রীদের নিরাপদ, মসৃণ এবং সুবিধাজনক ভ্রমণ নিশ্চিত করতে কাটরা এবং শ্রীনগরের মধ্যে আজ এবং আগামীকাল চারটি বিশেষ ট্রেন চলাচল করবে, যার মধ্যে একটি ট্রেন বানিহালে থামবে বলে জানিয়েছে তারা।

টিকিটের চাহিদা বেশি থাকায় রেল কর্তৃপক্ষ যাত্রীদের আগে থেকে বিশেষ ট্রেনের রিজার্ভেশনের সাম্প্রতিক অবস্থা এবং ট্রেনের সময়সূচী লক্ষ্য করার পরামর্শ

দিয়েছে। পাশাপাশি যাত্রীরা রেলওয়ের অফিসিয়াল ওয়েবসাইট, হেল্পলাইন নম্বর ১৩৯ অথবা জাতীয় ট্রেন অনুসন্ধান ব্যবস্থার মাধ্যমে আরও তথ্য পেতে পারেন বলেও জানিয়েছে রেল কর্তৃপক্ষ।

*oooooooooooooooooooo*

কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিত্যানন্দ রাই বলেছেন, বর্তমানে দেশের বিভিন্ন অঞ্চলে ২৮টি কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনীর প্রশিক্ষণ কেন্দ্র চালু রয়েছে। লোকসভায় আজ এক প্রশ্নের জবাবে শ্রী রাই বলেন, এই কেন্দ্রগুলিতে আধুনিক কৌশল ব্যবহার করে সিএপিএফ কর্মীদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। তিনি বলেন, বর্তমান চ্যালেঞ্জ এবং ভবিষ্যতের প্রয়োজনীয়তার কথা মাথায় রেখেই সরকারের এই সিদ্ধান্তও। এই প্রশিক্ষণের ফলে দেশ থেকে নকশালবাদ ও বামপন্থী চরমপন্থা প্রায় নির্মূল হয়ে গেছে বলে মন্তব্য করেন তিনি। শ্রী রাই আরও বলেন, উন্নত প্রশিক্ষণ সন্ত্রাসবাদ বিরোধী অভিযানকে শক্তিশালী করার পাশাপাশি অভ্যন্তরীণ নিরাপত্তা বজায় রাখতেও সহায়তা করেছে।

*oooooooooooooooooo*

বালুচিস্তানের নুসকি জেলার একটি কলেজের কাছে যাত্রীবাহী গাড়িতে পাক নিরাপত্তা বাহিনীর গুলি চালনায় গতকাল কমপক্ষে ১০ জন অসামরিক ব্যক্তির মৃত্যু হয়েছে। বালোচ ভয়েস ফর জাস্টিস নামে একটি মানবাধিকার সংগঠন এই হত্যা কান্ডের নিন্দা করে বলেছে, যেভাবে নিরস্ত্র নাগরিকদের ওপর গুলি চালানো হয়েছে, তা বে-আইনী এবং গুরুতর মানবাধিকার লঙ্ঘনের সামিল। হিউম্যান রাইটস্ কাউন্সিল অফ বালুচিস্তান গতকাল জানিয়েছে, ২০২৫ সালে পাকিস্তানী নিরাপত্তা বাহিনীর সস্ত্র আক্রমণে বালুচিস্তানের ৫-শো ৯৮ জন নাগরিকের মৃত্যু হয়েছে। এর মধ্যে ১৬৫-টি ক্ষেত্রে সরাসরি গুলি চালিয়ে হত্যা, ১০৪-টি ক্ষেত্রে জেলে আটক করে হত্যা এবং ৬৬-টি ক্ষেত্রে মৃত্যুর কারণ জানা যায়নি।

*oooooooooooooooooooo*

জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির কোয়ার্টার ফাইনালে আজ বাংলা, সার্ভিসেসের বিরূদ্ধে খেলবে। গতবারের চ্যাম্পিয়ন বাংলা গ্রূপ এ-র শীর্ষে থেকে শেষ আটে উঠেছে। অসমের ডিব্রুগড়-এর ঢাকুয়াখানা স্টেডিয়ামে খেলা শুরু হবে দুপুর দুটোয়।

*ooooooooooooooooooooo*

চিনের কিংডাওতে ব্যাডমিন্টন এশিয়া টিম চ্যাম্পিয়নশিপের ষষ্ঠ সংস্করণ আজ শুরু হতে চলেছে। টুর্নামেন্ট থেকে নাম প্রত্যাহার করে নেওয়ায় দুইবারের অলিম্পিক পদকজয়ী পিভি সিন্ধুকে ছাড়াই ভারতের মহিলা দল তাদের শিরোপা রক্ষার অভিযান শুরু করবে। টুর্নামেন্টের চতুর্থ বাছাই থাইল্যান্ড ও মায়ানমারের সঙ্গে তানভি শর্মা, উন্নতি হুদা, মালবিকা বানসোদ সহ ট্রিসা জলি-গায়ত্রী গোপীচাঁদ জুটির ভারতীয় মহিলা দলকে গ্রুপ ওয়াই, Y তে রাখা হয়েছে। অন্যদিকে চতুর্থ বাছাই জাপান এবং সিঙ্গাপুরের সঙ্গে গ্রুপ সি, C তে রয়েছে লক্ষ্য সেন, এইচএস প্রণয়, কিদাম্বি শ্রীকান্ত এবং ডাবলস জুটি সাত্ত্বিকসাইরাজ রঙ্কিরেড্ডি-চিরাগ শেঠির ভারতীয় পুরুষ দল। ভারতীয় পুরুষ এবং মহিলা উভয় দলই আগামীকাল তাদের অভিযান শুরু করবে।

*oooooooooooooooooooo*

৪৯-তম আন্তর্জাতিক কলকাতা বইমেলা আজ শেষ হচ্ছে। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে প্রায় ২৭ লক্ষ মানুষ গতকাল পর্যন্ত মেলায় এসেছেন বলে কর্তৃপক্ষ জানিয়েছে। আজ বিকেলে এক অনুষ্ঠানে সেরা প্রকাশকদের পাবলিশার্স এন্ড বুক সেলার্স গিল্ডের পক্ষ থেকে পুরস্কৃত করা হবে। সন্ধ্যার পর চিরাচরিত রীতি অনুযায়ী মেলার ঐতিহ্যবাহী ঘন্টাধ্বনির মাধ্যমে গিল্ড অফিসের সামনে মুক্তমঞ্চে কৃতি সাহিত্যিক ও বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্টজনদের উপস্থিতিতে মেলার সমাপ্তি অনুষ্ঠান হবে।

*ooooooooooooooooooooo*

*ooooooooooooooooooooo*